

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৮৫৩

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ১০. দ্বিতীয় অনুচ্ছেদ - জিহ্বার হিফাযাত, গীবত এবং গালমন্দ প্রসঙ্গে

আরবী

وَعَن عَائِشَة

قَالَتْ: قُلْتُ لِلنَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: حَسبك صَفِيَّةَ كَذَا وَكَذَا _ تَعْنِي قَصِيرَةً _ فَقَالَ: «لَقَدْ قُلْتِ كَلِمَةً لَوْ مُزِجَ بِهَا الْبَحْرُ لَمَزَجَتْهُ» . رَوَاهُ أَحْمد وَالتِّرْمِذِيِّ وَأَبُو دَاوُد

বাংলা

৪৮৫৩-[৪২] 'আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বললামঃ সফিয়্যাহ্-এর সম্পর্কে আপনাকে এতটুকু বলাই যথেষ্ট যে, সে এরূপ এরূপ। অর্থাৎ- সে বেঁটে। এতদশ্রবণে তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ তুমি এমন একটা কথা বললে, যদি এর সাথে সমুদ্রকে মিশিয়ে দেয়া হয়, তবে তা সমুদ্রকে পরিবর্তন করে দেবে। (আহমাদ, তিরমিয়ী ও আবু দাউদ)[1]

ফুটনোট

[1] সহীহ: আবূ দাউদ ৪৮৭৫, তিরমিয়ী ২৬৩২, ২৬৩৩; সহীহুল জামি' ৯২৭১, সহীহ আত্ তারগীব ওয়াত্ তারহীব ২৮৩৪।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (হিট্র ত্রান্ট্রাল্ট্র ত্রান্ট্রাল্ট্র ত্রান্ট্রাল্ট্র ত্রান্ট্রাল্ট্র তরাসাল্লাম-কে লক্ষ্য করে বলেন, সিফিয়্যাহ্-এর ব্যাপারে আপনার কাছে এতটুকু বলাই যথেষ্ট যে, সে এমন এমন। 'আয়িশাহ্ (রাঃ) তার এ কথা দ্বারা বুঝাতে চেয়েছেন যে, তিনি খুব বেঁটে।

মিরকাত ভাষ্যকার বলেনঃ ।ঠে এতটুকু বলে তিনি এক বিঘতের দিকে ইঙ্গিত করেছেন। তিনি বলেনঃ আমার মতে (كَذَا وَكَذَا) "এরূপ এরূপ" দু'বার বলে দু'টি ভিন্ন ধরনের গুণ বুঝাতে চেয়েছেন। সম্ভবত তিনি মুখ দিয়ে বুঝাতে চেয়েছেন বেঁটে এবং হাতের ইশারায় এক বিঘত দেখিয়ে বুঝিয়েছেন তিনি খুবই বেঁটে। তিনি কথা ও



কাজের মাঝে সমন্বয় করে বিষয়টির প্রতি তাকিদ দিয়েছেন। এ ব্যাপারে আল্লাহই ভালো জানেন।

وْفَقَالَ: لَقَدْ قُلْتِ كَلِمَةً) অতঃপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ তুমি এমন একটি বিশাল ও বিষাক্ত কথা বলেছ যদি তার তিক্ততা সমুদ্রের পানির সাথেও মিশানো হতো তাহলে তাকে পরিবর্তন করে দিত।

'আল্লামা কাযী 'ইয়ায (রহিমাহুল্লাহ) বলেনঃ এই গীবত এতই বিষাক্ত ছিল যে, সমুদ্রের পানির আধিক্য এবং ঘনত্ব সত্ত্বেও যদি তার সাথে মিশানো হতো তাহলে তাকে পরিবর্তন করে দিত। সুতরাং তোমার 'আমলের অবস্থা কেমন হবে যার সাথে নাপাকী কথা মিশ্রিত হয়েছে। (মিরক্লাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন